

# আওয়ামী লীগ নিষিদ্ধের দাবিতে উত্তাল ঢাকা বিশ্ববিদ্যালয়

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৭:০১, ২১ মার্চ ২০২৫



আওয়ামী লীগ নিষিদ্ধের দাবিতে জুমার নামাজের পর বিক্ষোভ মিছিল করেছে ইনকিলাব মঞ্চসহ বিভিন্ন সংগঠনের নেতাকর্মীরা।

শুক্রবার (২১ মার্চ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাসবিরোধী রাজু ভাস্কর্যের পাদদেশে তারা এই বিক্ষোভ মিছিল করেন।



নয় বছরের আমানের বিশ্বরেকর্ড | News | ... Share

Watch on 

[নয় বছরের আমানের বিশ্বরেকর্ড | News | Sports | Janakantha](#)

এ সময় নেতাকর্মীরা আওয়ামী লীগকে নিষিদ্ধ করো, করতে হবে; আওয়ামী লীগের চামড়া তুলে নিবো আমরা; আওয়ামী লীগ নিষিদ্ধ চাই, গড়িমসি চলবে না; খুনি লীগের আস্তানা, এই বাংলায় হবে না; মুজিববাদ মূর্দাবাদ, ইনকিলাব জিন্দাবাদ বলে শ্লোগান দেয়।

গত রাতে ‘দেশের রাজনীতিতে আওয়ামী লীগকে ফেরানোর পরিকল্পনা চলছে’ দাবি করে নিজের ফেসবুকে একটি পোস্ট দেন এনসিপি নেতা হাসনাত আব্দুল্লাহ।

এ নিয়ে বক্তব্য দিচ্ছেন বিএনপি-জামায়াতসহ রাজনৈতিক দলের নেতারা। আজ জুমার পর আওয়ামী লীগকে নিষিদ্ধের দাবিতে বিক্ষোভ কর্মসূচিও দিয়েছে কয়েকটি সংগঠন।